২০২৬

বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-MN-T-402

(আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস)

[NEP-2020]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত দুটি মৌলিক গ্রন্থের নাম প্রকাশকাল সহ লেখো।

খ) 'ভোরের পাখি কাকে বলা হয়? কে কাকে এই উপাধিতে ভূষিত করেছিলেন?

গ) বাংলা কাব্য রচয়িতাদের নাম লেখো ঃ

ব্রজাঙ্গনা কাব্য, বন্ধুবিয়োগ, বলাকা, বেলা অবেলা কালবেলা।

ঘ) সম্পাদকগণের নাম লেখো ঃ

বঙ্গদর্শন, সবুজপত্র, সমাচার দর্পণ, কল্লোল।

ঙ) বাংলা ভাষায় রচিত প্রথম ঐতিহাসিক নাটকের নাম কী? কে কত সালে নাটকটি রচনা করেন?

চ) ঔপন্যাসিকগণের নাম লেখো ঃ

আনন্দমঠ, পথের দাবী, ইছামতী, চোখের বালি।

[পরের পাতায়]

ছ) 'গা-মানুষ জাতির কথা' ছোটগল্পটির রচয়িতা কে? গল্পটির প্রকাশসাল লেখো।

জ) বাংলা সাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায় নামে কারা পরিচিত?

ঝ) নাট্যকারগণের নাম লেখো ঃ

সধবার একাদশী, বলিদান, আনন্দ বিদায়, রথের রশি।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা গদ্যের বিকাশে রাজা রামমোহন রায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা ছোটোগল্প রচনায় মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠত্ব সংক্ষেপে নিরূপণ করো।

গ) 'কথাশিল্পী' কাকে বলা হয়? বাংলা সামাজিক উপন্যাস রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

ঘ) টীকা লেখো (যে-কোনো **দুটি**) ঃ

সংবাদ প্রভাকর, সর্বহারা, পাণ্ডবগৌরব, রসকলি।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের তিনজন লেখকের অবদান আলোচনা করো।

খ) 'পরশুরাম' ছদ্মনামের আড়ালে গল্পকারের নাম লিখে তাঁর গল্পকার সত্তার পরিচয় দাও।

গ) আধুনিক বাংলা কবিতায় জীবনানন্দ দাশের কৃতিত্বের পরিচয় দাও।

ঘ) বাংলা ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান কতখানি?